

## পড়া শুরু রবের নামে

আসসালামু আলাইকুম, ছোট বন্ধুরা! তোমরা কেমন আছ? আজ থেকে আমরা কুরআনের সুন্দর সুন্দর কিছু আয়াত পড়ব। আজ আমরা পড়ব কুরআনের সর্বপ্রথম আয়াত। চলো, আয়াতটা পড়ি—

إِقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ

(ইক্করা' বিসমি রব্বিকাল্লামী খলাক)

অর্থ: পড়ো তোমার রবের নামে, যিনি সৃষ্টি করেছেন।

(সূরা আলাক, আয়াত ১)

এখন থেকে তোমরা পড়া শুরুর আগে আল্লাহর নাম স্মরণ করবে। এতে পড়ার কাজটাও ইবাদতে পরিণত হবে। মনে থাকবে তো?



## আল্লাহর রাস্তায় খরচ করি

দুনিয়ার ধন-সম্পদের মালিক আমরা নই। এগুলোর মালিক আল্লাহ তাআলা। তাঁর দেওয়া সম্পদ তাঁর আদেশ অনুযায়ী ব্যয় করতে হবে। আল্লাহ তাআলা বলেন,

وَأَنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ

(ওয়া আংফিকু ফী সাবীলিল্লা-হ)

অর্থ: আর তোমরা আল্লাহর রাস্তায় ব্যয় করো।

(সূরা বাকারা, আয়াত ১৯৫)

এ আয়াত থেকে আমরা বুঝতে পারলাম, ধন-সম্পদ আল্লাহর রাস্তায় খরচ করতে হবে। এটা আল্লাহর নির্দেশ। এই কাজ করলে আল্লাহ তাআলা খুশি হবেন। সম্পদে বরকত দেবেন।



২.১

## ধ্বংস থেকে বেঁচে থাকি

আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলা জরুরি। কারণ, তাঁর কথার অবাধ্য হলে আমরা জাহান্নামে যাব। চিরস্থায়ী আগুনে জ্বলতে থাকব। আল্লাহর অবাধ্যতা আমাদের ধ্বংস ডেকে আনবে। এ কারণেই আমাদের রব বলেছেন,

وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ

(ওয়াল্লা- তুলক্বু বিআইদীকুম ইলাত তাহলুকাহ)

অর্থ: আর নিজ হাতে নিজেদেরকে ধ্বংসের মুখে ঠেলে দিয়ো না।

(সূরা বাকারা, আয়াত ১৯৫)

আল্লাহর আদেশ অমান্য করা অনেক বড় অন্যায়। বারবার এমন অন্যায় করলে ধ্বংস অনিবার্য। তাই আমরা আল্লাহর আদেশ মেনে চলব। তাহলেই ধ্বংস হওয়া থেকে বেঁচে যাব।



## ভালো ভালো কাজ করি

ভালো কাজ করতে ইসলাম আমাদের উৎসাহ দেয়। যে ভালো কাজ করে, আল্লাহ তাকে ভালোবাসেন। মানুষও তাকে পছন্দ করে। কুরআনে আল্লাহ তাআলা ভালো কাজ করতে আদেশ দিয়েছেন। তিনি বলেছেন,

وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

(ওয়া আহসিনু, ইন্নাল্লা-হু ইউহিব্বুল মুহসিনীন)

অর্থ: এবং কল্যাণকর কাজ করো। নিশ্চয় আল্লাহ  
সৎকর্মশীলদের ভালোবাসেন।

(সূরা বাকারা, আয়াত ১৯৫)

ছোট বন্ধুরা, তোমরা তোমাদের প্রতিবেশী, আত্মীয়-স্বজন এবং সব মুসলিমদের উপকার করার চেষ্টা করবে। অন্যের উপকার করা ভালো কাজ। এতে আল্লাহর ভালোবাসা পাবে। খেয়াল থাকবে তো তোমাদের?



## কাউকে কষ্ট দেব না

কাউকে কষ্ট দেওয়া গুনাহের কাজ। দান করার পর খোঁটা দেওয়াও খুব জঘন্য অপরাধ। এসব করলে আল্লাহর কাছ থেকে সওয়াব পাওয়া যায় না। আল্লাহ তাআলা এসব কাজ করতে আমাদের নিষেধ করেছেন। তিনি বলেছেন,

لَا تُبْطِلُوا صَدَقَاتِكُمْ بِالْمَنِّ وَالْأَذَى

(লা-তুবত্বিলু সদাকা-তিকুম বিলমনি ওয়াপ আযা-।)

অর্থ: তোমরা খোঁটা ও কষ্ট দেওয়ার মাধ্যমে  
তোমাদের সদাকা বাতিল করো না।

(সূরা বাকারা, আয়াত ২৬৪)

বন্ধুরা, তোমরা কাউকে কষ্ট দেবে না। ভুলে কাউকে কষ্ট দিয়ে ফেললে ক্ষমা চাইবে। এতে আল্লাহ তোমাদের উপর খুশি হবেন। মনে থাকবে তো?



## সাক্ষ্য গোপন করব না

সাক্ষ্য গোপন করা খুবই অন্যায়। এর ফলে বিচারক ন্যায়বিচার করতে পারেন না। এভাবে বিচারপ্রার্থীর ওপর জুলুম করা হয়। আল্লাহ এসব অন্যায় থেকে বিরত থাকতে বলেছেন। আল্লাহ তাআলা বলেন,

وَلَا تَكْتُمُوا الشَّهَادَةَ

(ওয়াল্লা- তাকতুমুশ শাহা-দাহ।)

অর্থ: আর তোমরা সাক্ষ্য গোপন করো না।

(সূরা বাকারা, আয়াত ২৮৩)

বন্ধুরা, তোমরা কখনো সাক্ষ্য গোপন করবে না। মিথ্যা সাক্ষ্যও দেবে না। অন্যের ওপর জুলুম করবে না। তাহলে আল্লাহ তোমাদের ওপর খুশি হবেন।



## ভরসা করি আল্লাহর ওপর

কাজ করার সময় আল্লাহর ওপর ভরসা করতে হবে। কারণ কাজের সফলতা ও ব্যর্থতা আল্লাহর হুকুমের ওপরেই নির্ভর করে। তাই সব কাজেই তাঁর উপর ভরসা করতে হবে। আল্লাহ তাআলা বলেন,

فَإِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللَّهِ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَوَكِّلِينَ

(ফাইয়া- 'আযামতা ফাতাওয়াক্কাল 'আলাল্লা-হা ইন্নাল্লা-হা ইউহিব্বুল মুতাওয়াক্কিলীন)

অর্থ: অতঃপর তুমি যখন সংকল্প করো তখন আল্লাহর প্রতি নির্ভর করো। নিশ্চয়ই আল্লাহ তাঁর ওপর ভরসাকারীদের ভালোবাসেন।

(সূরা আলে ইমরান, আয়াত ১৫৯)

বন্ধুরা, তোমরা সব কাজ আল্লাহর ওপর ভরসা করে করবে। এতে কাজে বরকত হবে। আর আল্লাহও তোমাদের ভালোবাসবেন।



## অহংকার থেকে দূরে থাকি

অহংকার করা খুবই খারাপ একটা কাজ। অহংকারী লোককে কেউ পছন্দ করে না। সবাই তার কাছ থেকে দূরে থাকতে চায়। আল্লাহ তাআলাও এমন ব্যক্তিকে পছন্দ করেন না। তিনি বলেন,

إِنَّ اللَّهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُورًا

(ইমাল্লা-হা লা- ইউহিব্বু মান্ কা-না মুখতা-লাং ফাখুরা-। )

অর্থ: নিশ্চয় আল্লাহ দাস্তিক ও অহংকারীকে পছন্দ করেন না।

(সূরা নিসা, আয়াত ৩৬)

বুঝেছ বন্ধুরা, তোমরা কখনোই অহংকার করবে না। তাহলে আল্লাহ তোমাদের ভালোবাসবেন। মানুষও তোমাদের অনেক পছন্দ করবে।

